

মেসেজ পেয়ে দুইটা ব্যাগ সন্দেহ করেছিলাম - বেবিচক চেয়ারম্যান

- A Monitor Desk Report

Date: 23 January, 2025



ঢাকাঃ বিমানে বোমা হামলার হুমকির বার্তাটি (মেসেজ) হোয়াটসঅ্যাপে পাকিস্তানি নম্বর থেকে আসে বলে জানিয়েছেন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ভূঁইয়া।

বুধবার (২২ জানুয়ারি) বিকেল ৪টার পর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বোমা হামলা হুমকির সার্বিক বিষয় নিয়ে সংবাদ সম্মেলনে এসব কথা জানান তিনি।

তিনি বলেন, ‘হোয়াটসঅ্যাপে বার্তাটি পাওয়ার পর দুটি ব্যাগ সন্দেহ করেছিলাম। তবে কিছু পাওয়া যায়নি।

তদন্তের সময় প্রতিটি লাগেজ স্ক্যানিংয়ের মাধ্যমে পরীক্ষা করা হয়। পুরো প্রক্রিয়া অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন করা হয়েছে।’

বেবিচক চেয়ারম্যান বলেন, ‘বাংলাদেশ এয়ারলাইনসের একটি ফ্লাইট রোম থেকে ঢাকায় এসে সকাল ৯টা ২০ মিনিটে অবতরণ করে। ওই ফ্লাইটে ২৫০ যাত্রী এবং ১৩ জন ক্রু ছিলেন।

পরিস্থিতি মোকাবেলায় সর্বোচ্চ প্রস্তুতি নেওয়া হয়েছিল। প্রতিটি সংস্থা সমন্বিতভাবে দায়িত্ব পালন করেছে এবং যাত্রীদের নিরাপদে টার্মিনালে নিয়ে আসা হয়েছে।’

এ সময় যাত্রীদের দ্রুত টার্মিনালে নিয়ে যাওয়ার জন্য তিন-চারটি লাইন করে চেক করা হয়েছে জানিয়ে তিনি আরো বলেন, সব যাত্রী সুস্থ ও নিরাপদ রয়েছেন। টার্মিনালে যাত্রীদের জন্য খাবারের ব্যবস্থা ছিল।

তারা পুরো প্রক্রিয়ায় সহযোগিতা করেছেন। এত বড় একটি অপারেশনেও কোনো ধরনের বিশৃঙ্খলা হয়নি বলেও জানান তিনি।

বেবিচকের চেয়ারম্যান বলেন, হোয়াটসঅ্যাপে আমাদের কন্ট্রোলরুমে মেসেজটি এসেছে, সেখান থেকে চলে গেছে ইডির রুমে, সঙ্গে সঙ্গে ইউএসই টিমকে অ্যালার্ট করা হয়। আমরা দ্রুত সিদ্ধান্ত নিয়ে অ্যাকশনে নেমে পড়ি। আমরা যখন যাত্রীদের প্রাণ নিয়ে কাজ করি তখন আমাদের শতভাগ প্রস্তুত নিয়ে কাজ করতে হয়।

-B